

✉ চিঠিপত্র letters.ittfaq@gmail

### বেসরকারি শিক্ষক- কর্মচারীদের উৎসবভাতা

বেসরকারি বিদ্যালয় ও মাদরাসার শিক্ষক-কর্মচারীরা  
মাসিক ৫০০ টাকা বাড়িভাড়া ও ৩০০ টাকা চিকিৎসাজাতা  
পান আর উৎসবভাতা পান মূল বেতনের ২৫ ভাগ। এই  
বাড়িভাড়া ও চিকিৎসাজাতা দিয়ে তাদের বাড়িভাড়া ও  
চিকিৎসা বাবদ ব্যয় কোনোটাই মেটানো সম্ভব হয় না।  
আর যে উৎসবভাতা পান তা দিয়ে তাদের পরিবারের ঈদ  
উৎসব পালন করাও সম্ভব হয় না এভাবেই দুঃখময় জীবন  
যাপন করছে বেসরকারি বিদ্যালয় ও মাদরাসার শিক্ষক-  
কর্মচারীরা। ঈদের দিনে পাড়া-প্রতিবেশীর ছেলেমেয়েরা  
যখন নতুন কাপড় পরে আনন্দে-উল্লাসে মেতে উঠবে  
তখন বেসরকারি শিক্ষক-কর্মচারীদের ছেলেমেয়েরা  
পুরনো কাপড় পরেই ঈদের দিনটা পার করবে। এ  
অবস্থায়, বেসরকারি শিক্ষক-কর্মচারীদের শিশুদের কথা  
বিবেচনা করে তাদেরকে মূল বেতনের সনপরিমাণ  
উৎসবভাতা প্রদানের জন্য সরকারের কাছে বিনীত  
আবেদন জানাচ্ছি।

খাজা মোহাম্মদ মাইনুদ্দিন সরকার,  
দেবিঘার ইসলামিয়া ফাজিল মাদরাসা,  
দেবিঘার, কুমিল্লা